বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ০২ বছর মেয়াদি এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএমটি) ও সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহে ০২ বছর মেয়াদি এইচএসসি (বিএমটি) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমে ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য অন-লাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

ভর্তির শিক্ষাগত যোগ্যতা:

১.১ সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

১.১.১ ০২ বছর মেয়াদি এইচএসসি (ভোকেশনাল) এর ক্ষেত্রে: এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ক্লাস্টারভিত্তিক (পরিশিষ্ট-১) ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১.১.২ এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম এর ক্ষেত্রে দেশের সকল শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি(ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল)/ সমমানের পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১.১.৩ সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড শিক্ষাক্রম এর ক্ষেত্রে: দেশের সকল শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস.সি/এস.এস.সি(ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল)/ দাখিল/সমমানের পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ এবং সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ২.০ সহ কমপক্ষে জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে

১.২ বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

১.২.১ ০২ বছর মেয়াদি এইচএসসি (বিএমটি) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রম এর ক্ষেত্রে: দেশের সকল শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস.সি/দাখিল/এস.এস.সি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল)/ সমমানের পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২. ডাটাবেসে তথ্য নেই, এমন শিক্ষার্থীর আবেদনের ক্ষেত্রে:

২.১ ২০১৫ সালের পূর্বের এসএসসি/সমমান পরীক্ষায় পাশকৃত ভর্তিচ্ছু শিক্ষার্থী অথবা কোন কোন ক্ষেত্রে তার পরের পাশকৃত শিক্ষার্থী/ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এস.এস.সি. উত্তীর্ণ শিক্ষার্থী যাদের তথ্য ডাটাবেসে নেই তাদরে আবেদন ফি প্রদানে বিশেষ সতর্কতা অবলম্বনরে অনুরোধ জানানো যাচ্ছে। আবেদন ফি প্রদানের পর উক্ত শিক্ষার্থীরা আবেদন ফর্ম পূরনের পূর্বে নির্ধারিত বিশেষ ফর্মে এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল এবং ব্যক্তিগত প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে| এক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী শিক্ষার্থীর আবেদন বাতিল হয়ে যেতে পারে।

২.২ এসকল শিক্ষার্থীর বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে, ২০১৫ সালের পূর্বের এসএসসি/সমমান পরীক্ষায় পাশকৃত ভর্তিচ্ছু শিক্ষার্থী অথবা কোন কোন ক্ষেত্রে তার পরের পাশকৃত শিক্ষার্থী/ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এস.এস.সি. উত্তীর্ণ শিক্ষার্থী যাদের তথ্য ডাটাবেসে নেই তাদের নম্বরপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি কপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি রঙ্গিন ছবি বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নতুন ভবনের ৭০১ নং কক্ষে রুপক কান্তি বিশ্বাস,কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) এর নিকট জমা দিতে হবে । অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে ।

উল্লেখ্য, 'ও' লেভেল হতে পাসকৃত শিক্ষার্থীদের নম্বরপত্র ঢাকা শিক্ষা বোর্ড হতে এসএসসি এর সমমান করে মেধাক্রম অনুসারে ভর্তির সুযোগ দেওয়া হবে।এসকল শিক্ষার্থীদের নিজ উদ্যোগে ঢাকা শিক্ষা বোর্ড হতে সমমান করার পর মূল কাগজপত্রসহ ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক আবদনের নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নতুন ভবনের ৭০১ নং কক্ষে রুপক কান্তি বিশ্বাস,কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) এর নিকট জমা দিতে হবে । অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে ।

৩. ভর্তি বিষয়ক সাধারণ নির্দেশনা:

► **ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী ও ফলাফল নির্ধারিত ওয়েবসাইট** www.btebadmission.gov.bd ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.bteb.gov.bd এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ও বেসরকারি ইনস্টিটিউটসমূহের ওয়েবসাইটে পাওয়া যাবে।

► **অন-লাইনে সর্বোচ্চ সরকারী ১৫টি প্রতিষ্ঠান/টেকনোলজি এবং** বেসকারী **১টি প্রতিষ্ঠান/টেকনোলজি -তে আবেদনের জন্য ১৬০/- (একশত ষাট টাকা মাত্র) রকেট, সোনালী ব্যাংক ও বিকাশ এর মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে।**

►**অন-লাইন আবেদনে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

►**এই ভর্তি নির্দেশিকার যে কোনধারা/ নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

৪. অন-লাইনের মাধ্যমে ভর্তি ও আবেদন দাখিলের জন্য করণীয়:

ধাপসমূহ	করণীয়
৪.১ আবেদন ও নিশ্চায়নের ফি প্রদান পদ্ধতি	**মোবাইল ব্যাংকিং বিকাশ, নগদ,রকেট,উপায়,ট্যাপ এর মাধ্যমে আবেদনের ও নিশ্চায়নের ফি প্রদান পদ্ধতি** website -**এ** (www.btebadmission.gov.bd) **প্রদত্ত** link -**এ বর্ণনা করা হয়েছে।**
৪.২ অন-লাইনে আবেদন পদ্ধতি	**(ক) আবেদনকারী মোবাইল ব্যাংকিং বিকাশ, নগদ, রকেট, উপায়, ট্যাপ এর মাধ্যমে আবেদন ফি প্রদান করার ৩০ মিনিট পর অন-লাইনে আবেদন শুরু করবে। ভর্তির ওয়েবসাইট** www.btebadmission.gov.bd- **এ গিয়ে পেমেন্টকৃত প্রোগ্রাম এর সংশ্লিষ্ট বাটনে ক্লিক করবে। ক্লিক করার পর আবেদনকারী সংশ্লিষ্ট প্রোগ্রামের ওয়েব পেজ দেখতে পাবে। পরবর্তীতে আবেদনকারী অঢ়ঢ়ষু ঘড়ি বাটনে ক্লিক করে তার এস.এস.সি রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বোর্ডের নাম, পাসের সন ও তার মোবাইল নম্বর এন্ট্রি পূর্বক** 'Next' Button **ক্লিক করবে। আবেদনকারীকে তার মোবাইল নম্বর সতর্কতার সহিত প্রদান করতে হবে।পরবর্তীতে সমস্ত যোগাযোগ এবং প্রয়োজনীয় তথ্যাদি প্রদত্ত মোবাইল নম্বরে প্রেরণ করা হবে।** **(খ)** 'Next' Button **ক্লিক করার পর আবেদনকারী তার যাবতীয় তথ্য দেখতে পাবে। (যদি আবেদনকারী ফি প্রদান না করে থাকে- সে ক্ষেত্রে আবেদনকারী আবেদন ফি প্রদান করেনি এরূপ** Message **প্রদর্শিত হবে।)** (গ) আবেদনকারী তার স্ক্যানকৃত ছবি (ফরমেট *.jpg , সাইজ 50 KB Ges150 px × 120 px) আপলোড করবে। আপলোড করার পর নীচের 'Save and Next' Button ক্লিক করবে। সফল ভাবে তথ্য সংরক্ষিত হলে আবেদনকারী একটি সিকিউরিটি কোড দেখতে পাবে। আবেদনকারীকে অবশ্যই সিকিউরিটি কোডটি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে । এরপর Next বাটনে ক্লিক করলে Applicant's Account পেজ প্রদর্শিত হবে। ঐ পেজে আবেদনকারী তার সংশ্লিষ্ট প্রোগ্রামের **Apply Now** বাটনে ক্লিক করবে। এরপর আবেদনকারী উক্ত প্রোগ্রামের অপশন ফরম দেখতে পারবে। অপশন ফরমে আবেদনকারী তার ভর্তিচ্ছু প্রোগ্রামসমূহ Drop Down মেনুতে দেখতে পাবে। (ঘ) Selection Criteria প্রদর্শিত হলে আবেদনকারীকে পছন্দনীয় জেলা, ঐ জেলার প্রতিষ্ঠান এবং ঐ প্রতিষ্ঠানের সিফ্ট, টেকনোলজি নির্বাচনকরে' Add Selected Institute' Button এ ক্লিক করতে হবে। এভাবে আবেদনকারী সর্বোচ্চ সরকারী ১৫টি প্রতিষ্ঠান/টেকনোলজির এবং বেসকারী ১ প্রতিষ্ঠান/টেকনোলজির পছন্দক্রম নির্বাচন করতে পারবে। পছন্দক্রম নির্বাচন করার পর 'Submit' Button এ ক্লিক করে নির্বাচিত প্রোগ্রাম এ আবেদন সম্পন্ন করবে। সফলভাবে আবেদন সম্পন্ন হলে আবেদনকারী বাম পার্শ্বে আবেদনকৃত প্রোগ্রামের নাম দেখতে পাবে এবং Submit-কৃত আবেদনটি প্রিন্ট নিতে পারবে। (ঙ) সরকারি প্রতিষ্ঠানে (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনের জন্য আবেদনকারী কোটা Selection এর Drop Down মেনু দেখতে পাবে। প্রোগ্রামে আবেদন করার পূর্বে আবেদনকারী তার প্রযোজ্য কোটা নির্বাচন করে তার নির্দিষ্ট প্রোগ্রাম Submit করবে। একই প্রার্থীর একাধিক কোটা প্রযোজ্য হলে- Drop Down মেনু থেকে একাধিক কোটা নির্বাচন করতে হবে।

ধাপসমূহ	করণীয়
	(চ) আবেদনকারী তার প্রোগ্রামে Select-কৃত প্রতিষ্ঠান/টেকনোলজি ও তার পছন্দক্রম দেখতে পারবে। আবেদনকারী চাইলে তার আবেদনকৃত প্রোগ্রামে প্রতিষ্ঠান/টেকনোলজি'র পছন্দক্রম পরিবর্তন এবং নতুন প্রতিষ্ঠান/টেকনোলজি সংযোজন ও পূর্বেও Select-কৃত প্রতিষ্ঠান/টেকনোলজি বিয়োজন করতে পারবে। আবেদনকারী ভবিষ্যতে নির্ধারিত সময়ের মধ্যে Applicant Login অপশন থেকে SSC Roll, Board, Passing Year ও Security Code এন্ট্রিকরে Applicant's Account পেজ এ যেতে পারবে এবং চাইলে তার আবেদনকৃত প্রোগ্রামে প্রতিষ্ঠান/টেকনোলজি'র পছন্দক্রম পরিবর্তন এবং নতুন প্রতিষ্ঠান/টেকনোলজি সংযোজন ও পূর্বেও Select-কৃত প্রতিষ্ঠান/টেকনোলজি বিয়োজন করতে পারবে। (ছ) একই আবেদনকারী একাধিক প্রোগ্রামে (যেমন- ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, এগ্রিকালচার টেকনোলজি ইত্যাদি) আবেদন করতে চাইলে- আবেদনকারী কে প্রত্যেক প্রোগ্রামের জন্য আলাদা আলাদা Payment সম্পন্ন করতে হবে। Payment সম্পন্ন করে Applicant Login অপশান থেকে SSC Roll, Board, Passing Year ও Security Code এন্ট্রি করে পূর্বের নিমাবলী অনুসরন করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
৪.৩ কোটা প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে)	সরকারি প্রতিষ্ঠান সমূহের ক্ষেত্রে কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি নীতিমালা ২০২২ অনুযায়ী কোটা নির্বাচন করা হবে। শিক্ষার্থীরা অন-লাইনে মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটার তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করবে। একজন প্রার্থী একাধিক কোটার যোগ্য হলে- প্রার্থী তা অন-লাইনে দিতে পারবে। প্রথমে Drop Down List থেকে নির্বাচিত (Selected) কোটার সাথে যাবতীয় সকল Evidence/Certificate PDF ফরমেটে (অনধিক 2 MB) আপলোড করতে হবে। একধিক কোটার জন্য আবেদন করলেও সকল কোটার সংশ্লিষ্ট Evidence/Certificate একসাথে একটি মাত্র PDF ফাইল (অনধিক 2 MB) হিসেবে আপলোড করতে হবে। উল্লেখ্য যে, কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট কারিগরি প্রতিষ্ঠান কর্তৃক কোটা সংক্রান্ত দলিলাদি যাচাই করণ হবে বিধায় কোটার অপশন(Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রযোজ্য নয় এমন কোটা নির্বাচন করা হলে অথবা পরবর্তীতে দলিলাদি দেখাতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কোটা বা ভর্তি বাতিল বলে গণ্য হতে পারে। উল্লেখ্য, কোটায় আবেদনকারীর Application ID সম্বলিত প্রিন্ট আউটসহ আবেদনপত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নতুন ভবনের ৭০৬ নং কক্ষে কৃষিবিদ মো: আব্দুল মালেক,কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) এর নিকট অনলাইনে আবেদনের সময়সীমার শেষ তারিখের মধ্যে মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি জমা দিতে হবে। উল্লেখ্য, **সংরক্ষিত কোটার (ভোকেশনাল ও মহিলা কোটা ব্যতিরেকে) আবেদনকারীগণ অন-লাইনে আবেদন করার পরে আবেদনের প্রিন্ট কপি ও ভর্তির নীতিমাল-২০২১ এর অনুচ্ছেদ ৭.০ এ বর্ণিত ভর্তির ক্ষেত্রে কোটা পদ্ধতির (প্রযোজ্য ক্ষেত্রে) সকল কাগজপত্র আগামী অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত)** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নতুন ভবনের ৭০৬ নং কক্ষে কৃষিবিদ মো: আব্দুল মালেক,কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) এর নিকট অনলাইনে আবেদনের সময়সীমার শেষ তারিখের মধ্যে মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি জমা দিতে হবে **। সরাসরি অথবা খামে "ভর্তি কোটার আবেদন" লেখাসহ ডাকযোগে পৌছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় নির্ধারিত কোটা বিবেচ্য হবে না।**

বুয়েট হেল্প ডেস্ক:

মোবা: ০১৩০৪৭৩২১৯৬ / ০১৩০৫৭০৩৮৭১

মোবা: ০১৭৬৮৭৫৫৯৩২

কারিগরি শিক্ষা বোর্ডের হেল্প ডেস্ক:

মোবা: ০১৩২২৮৩০৩০৮ / ০১৩২২৮৩০৩০৯

পরিচালক (কারিকুলাম)

ও ভর্তি কমিটির সদস্য সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

[সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময়]